



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd)

E-mail : [dinajpureducationboard@gmail.com](mailto:dinajpureducationboard@gmail.com)

স্মারক নং- ৪/কল/রং/৪৮/৩০০

তারিখঃ ২৩/০৫/২০১৭ ইং

বিষয় : ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণীতে পাঠদানের প্রাথমিক অনুমতি (ইংরেজী ভাষন) প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৩৮.১৬.৩৯৮, তারিখঃ ২১/০৫/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহ সহ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর-এ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণীতে পাঠদানের প্রাথমিক অনুমতি (ইংরেজী ভাষন) প্রদান করেছেন। এই অনুমতি কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

## শাখাসমূহ :

১। মানবিক ২। বিজ্ঞান ৩। ব্যবসায় শিক্ষা।

আবশ্যিক বিষয় :

- (১) বাংলা
- (২) ইংরেজি
- (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

নৈর্বাচনিক বিষয় :

(ক) মানবিক শাখা :

- ১। পৌরনীতি ও সুশাসন।
- ২। ইতিহাস।
- ৩। যুক্তিবিদ্যা।
- ৪। উচ্চতর গণিত।
- ৫। মনোবিজ্ঞান।

(খ) বিজ্ঞান শাখা :

- ১। পদার্থ বিজ্ঞান।
- ২। রসায়ন বিজ্ঞান।
- ৩। জীব বিজ্ঞান।
- ৪। উচ্চতর গণিত।
- ৫। প্রকৌশল অংকন ও ওয়ার্কসপ প্র্যাকটিস।
- ৬। মনোবিজ্ঞান।

(গ) ব্যবসায় শিক্ষা শাখা :

- ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
- ২। হিসাব বিজ্ঞান।
- ৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা।

(ঘ) সকল শাখার জন্য :

- ১। পরিসংখ্যান।

## শর্তসমূহঃ

- ১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। সকল শিক্ষক NTRCA-এর নিবন্ধনকৃত হতে হবে।
- ৩। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।

- ৪। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ইং জুন, ১৯৮৪ পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৬। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৭। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বিজ্ঞান বিভাগে সর্বোচ্চ ১০০ জন, মানবিক বিভাগে সর্বোচ্চ ৫০ জন ও ব্যবসায় শিক্ষা শাখায় সর্বোচ্চ ৫০ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে।
- ৮। চলতি শিক্ষাবর্ষে (২০১৭-২০১৮) উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করে যথাসময়ের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় ফি বোর্ডে জমা করতে হবে।
- ৯। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ১০। বিজ্ঞান শাখার জন্য মান সম্পন্ন বিজ্ঞানাগার জরুরি ভিত্তিতে চালু করতে হবে।
- ১১। গ্রন্থাগারে কম পক্ষে ২০০০ (দুই হাজার) বই সংরক্ষণ করতে হবে।
- ১২। পূর্ববর্তি কমিটির মেয়াদ উত্তীর্ণের আগেই গভর্ণিং বডি গঠনের কার্য সম্পাদন করতে হবে।
- ১৩। ১৫ দিনের মধ্যে নির্বাহী কমিটি (প্রযোজ্য ক্ষেত্রে) গঠন করতে হবে।
- ১৪। শিক্ষা বোর্ডের নিদিষ্ট শর্ত পূরণ সাপেক্ষে প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়ে) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।
- ১৫। উপরোক্ত শর্তসমূহ ব্যর্থ হলে এ অনুমতি পত্র প্রত্যাহার করা হবে।

অধ্যক্ষ,

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ  
ডাকঘরঃ সৈয়দপুর ক্যান্টনমেন্ট  
উপজেলাঃ সৈয়দপুর, জেলাঃ নীলফামারী।

১৫/৬/১৭

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

স্মারক নং- ৪/কল/রং/৪৮/৩০০

তারিখঃ ২৩/০৫/২০১৭ ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
- ৩। জেলা প্রশাসক, নীলফামারী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
- ৬। সচিব/উপ-পরিচালক (হিঃ ও নিঃ)/ পরীক্ষা নিয়ন্ত্রক/ সিস্টেম এনালিস্ট/  
নিবন্ধন শাখা(কলেজ), শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ৭। ওয়েব সাইট কপি।
- ৮। অফিস কপি।

২৩/৫/১৭  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

২৩/৫/১৭

জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইট দেখুন।